দৈনিক ইত্তেফাক

তারিখ ..06 FEB 2016...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# কমলগঞ্জে এসএসসি ফরমপূরণে অর্থ ফেরতের নির্দেশনা নেই

## আড়াই থেকে তিন হাজার টাকা ফি আদায়

■ কমলগঞ্জ (মৌলভীবাজার) সংবাদদাতা

চলতি বছর এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট থেকে যেসব শিক্ষা প্রতিষ্ঠান অতিরিক্ত অর্থ আদায় করেছে তাদের সাত দিনের মধ্যে অতিরিক্ত অর্থ ফেরত প্রদানের নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের বরাত দিয়ে সিলেট শিক্ষা বোর্ড। কিন্তু কমলগঞ্জ উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে আড়াই থেকে তিন হাজার হারে ফি আদায় করা হলেও অতিরিক্ত ফি ফেরত দেয়ার কোনো নির্দেশনা আসেনি। ফলে উপজেলার এসএসসি পরীক্ষার্থীদের অতিরিক্ত ফির টাকা ফেরত পাওয়ার বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ২০১৬ সালের এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে যে সব শিক্ষা প্রতিষ্ঠান অতিরিক্ত ফি আদায় করেছে তাদের আগামী ৮ ফেব্রুয়ারির মধ্যে এই অর্থ ফেরত প্রদানের নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গত ২ ফেব্রুয়ারি শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সিলেট শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান এ কে এম গোলাম কিবরিয়া তাপাদার কর্তৃক মৌলভীবাজারের ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানকে ৮ ফেব্রুয়ারির মধ্যে ওই সব প্রতিষ্ঠানের এসএসসি পরীক্ষার্থীদের অতিরিক্ত অর্থ ফেরত প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে। অতিরিক্ত অর্থ ফেরত প্রদানের পর লিখিতভাবে বাহক মারফত বোর্ডের চেয়ারম্যানকে অবহিত করতে বলা হয়েছে। এই চিঠির তালিকায় মৌলভীবাজারের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের নাম থাকলেও কমলগঞ্জ উপজেলার কোনো প্রতিষ্ঠানের নাম পাওয়া যায়নি।

জেলার অন্যান্য প্রতিষ্ঠানসহ কমলগঞ্জ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ফরম পূরণে সেশন ফি, কোচিংসহ বিভিন্ন খাত দেখিয়ে আড়াই থেকে তিন হাজার টাকা হারে অর্থ আদায় করলেও এসব প্রতিষ্ঠানের অতিরিক্ত অর্থ ফেরত প্রদানের কোনো নির্দেশনা পাওয়া যায়নি। এ বিষয়ে জানতে চেয়ে সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আব্দুল মান্নান খানের মোবাইল ফোনে কয়েক দফা যোগাযোগের চেষ্টা করেও কথা বলা যায়নি। তবে বিদ্যালয় পরিদর্শক কবির আহমদ মন্ত্রণালয়ের বলেন, আরও যেসব প্রতিষ্ঠান অতিরিক্ত অর্থ আদায় করেছে সেসব বিষয়েও খতিয়ে দেখা হবে।